

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা: ০৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ/ ১৮ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৪.০৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'জাতীয়
অর্থনৈতিক পরিষদ (এনইসি)' নিম্নরূপে গঠন করেছে:

(ক) পরিষদের গঠন:

- (১) শেখ হাসিনা, এমপি : চেয়ারপারসন
প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- (২) মন্ত্রিসভার সকল সদস্য : সদস্য

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ:

- (১) মন্ত্রিপরিষদ সচিব
- (২) গভর্নর, বাংলাদেশ ব্যাংক
- (৩-৮) পরিকল্পনা কমিশনের সদস্যগণ
- (৯) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব

এ পরিষদে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(৪৫৫)

মূল্য : টাকা ৪.০০

- (গ) পরিষদের কার্যপরিধি:
- (১) সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন কর্মকান্ড সম্পর্কিত নীতি ও কৌশল গ্রহণে দিক নির্দেশনা প্রদান;
 - (২) দীর্ঘমেয়াদি ও মধ্যমেয়াদি পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন কর্মসূচি, সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও কর্মপন্থা চূড়ান্তকরণ এবং অনুমোদন প্রদান;
 - (৩) দীর্ঘমেয়াদি ও মধ্যমেয়াদি পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন কর্মসূচি, সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;
 - (৪) আর্থ-সামাজিক উন্নয়নে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ ও দিক নির্দেশনা প্রদান; এবং
 - (৫) জাতীয় অর্থনৈতিক পরিষদের দায়িত্ব পালনে সহায়ক বিবেচিত যে কোনো কমিটি গঠন।
- (ঘ) পরিষদের বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- (ঙ) পরিকল্পনা বিভাগ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সাদ্দিত মাহবুব খান)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd